

WELLAND GOULDSMITH SCHOOL, PATULI  
CLASS - XII  
BENGALI 2ND LANGUAGE  
SESSION - 2020-2021

কবিতা – নুন  
কবি – জয় গোস্বামী

বিষয়বস্তু পর্যালোচনা

কবি জয় গোস্বামী রচিত 'ভূতুম ভগবান' কাব্যগ্রন্থের অন্তর্গত 'নুন' কবিতাটি নিম্নবিত্ত পরিবারের দৈনন্দিন জীবনযাত্রার ভাষ্য। এই নিম্নবিত্ত পরিবারের মানুষগুলো সামান্যতেই খুশি। সাধারণ ভাত-কাপড়ে এদের দিন কেটে যায়, তাই তারা জানে দুঃখ করে কোন লাভ নেই। তাদের দিন চলে অসুখ-বিসুখ রোগ জর্জরিত অবস্থায় এবং ধারদেনা করে। আর এই কঠোর বাস্তব থেকে সাময়িক মুক্তি পেতে এইসব পরিবারের পুরুষরা নেশার মধ্যে ডুবে যায়, আনন্দ খুঁজে পাওয়ার ব্যর্থ চেষ্টা করে।

এইসব পরিবারগুলোতে প্রত্যেকদিন বাজার হয়না, যেদিন হয় তা মাত্রাছাড়া হয়। আবার মানুষের স্বভাব সৌন্দর্যবোধের কারণে তারা অনেক সময় বাড়ি ফেরার পথে গোলাপ চারাও কিনে আনে। বাড়িতে তাদের স্থানাভাব, তাই তারা ভাবতে বসে চারা তারা কোথায় লাগাবে আর লাগালে তাতে ফুল হবে তো? এসব ভাবতে ভাবতেই তারা আবার নেশার মধ্যে ডুবে যায়।

নিম্নবিত্ত মানুষ গুলি অল্পতেই খুশি তারা বেশি কিছু চায় না। কোনমতে হেসে খেলে কষ্টে কষ্টে তাদের দিন চলে যায়। মাঝে মাঝে আবার দিন চলে ও না। সারাদিন কাজের সন্ধানে

ঘুরে তারা যখন কোন অর্থ উপার্জন করতে পারে না, তখন গভীর রাতে বাড়ি ফিরে খেতে বসে তাদের রাগ চড়ে যায়। কারণ খেতে বসে তারা দেখে যে তাদের ঠান্ডা ভাতে সামান্য নুনের আয়োজনও থাকেনা। ফলে রেগে গিয়ে কখনো বাবা ছেলে বা দুই ভাই মিলে সাড়া পাড়া মাথায় তোলে। সেই সঙ্গে এই দাবিতে তারা সোচ্চার হয় যে তাদের ঠান্ডা ভাতে যেন একটু নুনের ব্যবস্থা করা হয়।

এখানে আমরা দেখি কবি বলতে চেয়েছেন বেঁচে থাকার জন্য নানা আবশ্যিক চাহিদার মধ্যে অল্প অন্যতম। কিন্তু সে অন্যের অনুষ্ঙ্গ ডাল বা শাক না হলেও চলবে, কিন্তু একটু নুনের অবশ্যই দরকার। কারণ এই নুন হল মানুষের ন্যূনতম চাহিদার প্রতীক। তাই এইসব খেটে খাওয়া নিম্নবিত্ত শ্রেণীর মানুষের হয়ে কবি বলতে চেয়েছেন যে সমাজ যেন তাদের বেঁচে থাকার ন্যূনতম চাহিদা টুকুর যোগান দেয়। তাই নুন এখানে সামান্য হয়েও অসামান্যের ইঙ্গিতবাহী হয়ে উঠেছে।

নিচের প্রশ্নগুলির উত্তর লেখ :

1. " আমরা তো অল্পে খুশি; কী হবে দুঃখ করে  
দিন চলে যায় সাধারণ ভাত-কাপড়ে।"

ক) 'আমরা' কারা? তারা কিসে খুশি?

খ) তাদের দিন কেমন ভাবে কাটে?

গ) কখন কেন তাদের দিন চলে না?

ঘ) উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।  $2+2+3+3=10$

2. " কবি তো কার তাতে কি? আমরা তো সামান্য  
লোক।

আমাদের শুকনো ভাতে লবনের ব্যবস্থা হোক। "

ক) কারা সামান্য লোক?

খ) সামান্য লোকেদের দাবি কি?

গ) কোন্ প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে?

ঘ) এখানে কবির কোন্ দৃষ্টিভঙ্গি ফুটে উঠেছে?

$$2+2+3+3=10$$